

(১ম ফুকার) তড়িতের প্রায় সে সংবাদ ধায় ভক্তের ভবনে,

সংবাদ কান্দায় তারে, যেই শোনে হয়
বিষাদ মনে গুরুর ধ্যানে, ব'সে গোপাল নিজ আসনে,
সংবাদ পেয়ে প্রাণে প্রাণে কেঁদে ধূলায় গড়াগড়ি যায় ।

(মিল) অসহ্য বেদনা, প্রাণে নাহি সহে, বিচ্ছেদ বিরহে,
কেঁদে কেঁদে গোপাল কহে, বন্ধে করাঘাত হেনে ॥

(মুখ) ভাগ্যে এই কি ছিল, প্রেমের হাট আজ ভেঙ্গে গেল,
দয়াল গুরুচাঁদ বিহনে ॥

(প্যাচ) আর কি দয়াল গুরুচাঁদে পার,

মনের কথা প্রাণের ব্যথা আর করে জানাব
হারায়ে কমল আঁখি ত্রিসংসার শূন্য দেখি

দেখি সকল ফাঁকি ।

পোড়া প্রাণ থাকি থাকি কাঁদে নিশিদিনে ॥

(খোচ্) মণিহারা ফণী, গোপাল ছেটে শ্রীধাম পানে ।

(২য় ফুকার) পিতৃ-মাতৃ হারা হয় যাহারা,

তাদের যেমন বেশ,

আমার গোপালের সেই বেশ, হয়—

চারিদিক চায় আবার চলে,

দেখে পাখী বিমার বৃক্ষের ডালে,

ভ্রমর কাঁদে এ ফুলে ও ফুলে,

মধুমতার কান্নার আর নাহি শেষ ॥